




# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

৮ সেপ্টেম্বর, ২০১৭



জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার



স্বাধীন ভারত



## - : অনুষ্ঠান সূচি : -

দুপুর ১২-০০ : রবীন্দ্র সদন  
অতিথি বরণ  
প্রদীপ প্রজ্জ্বলন  
স্বাগত ভাষণ  
উদ্বোধকের ভাষণ  
বিশিষ্ট অতিথিবর্গের ভাষণ  
সম্মাননীয় অতিথিবর্গের ভাষণ  
সভাপতির ভাষণ  
সম্বর্ধনা জ্ঞাপন  
পুরস্কার বিতরণ  
ধন্যবাদ জ্ঞাপন  
সাংস্কৃতিক অনুষ্ঠান  
জাতীয় সঙ্গীত

## : পদযাত্রা :

সকাল ১০ টায় রানী রাসমণি রোড থেকে রবীন্দ্র সদন পর্যন্ত।

পদযাত্রার শুভ উদ্বোধন করবেন পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা  
বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) এবং পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় রাষ্ট্রমন্ত্রী  
জনাব সিদ্দীকুল্লাহ চৌধুরী



মত্বমেব সধর্মে

**পশ্চিমবঙ্গ সরকার**  
**জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ**  
বিকাশ ভবন, কলকাতা ৭০০ ০৯১

সবিনয় নিবেদন,

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষ্যে আগামী ৮ সেপ্টেম্বর, ২০১৭ কলকাতার রবীন্দ্রসদনে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্যস্তরে আয়োজিত এই অনুষ্ঠানটির শুভ উদ্বোধন করবেন পশ্চিমবঙ্গ বিধানসভার মাননীয় অধ্যক্ষ শ্রী বিমান বন্দ্যোপাধ্যায়। এই অনুষ্ঠানের বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গ সরকারের উপভোক্তা বিষয়ক বিভাগ এবং স্বনির্ভর দল ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী সাধন পাণ্ডে; কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী পূর্ণেন্দু বসু; সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী অরুণ রায় এবং মাননীয় সাংসদ জনাব সুলতান আহমেদ। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. সুরঞ্জন দাস; কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. সোনালী চক্রবর্তী (বন্দ্যোপাধ্যায়) এবং আলিয়া বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক আবু তালেব খান এই অনুষ্ঠানের সম্মাননীয় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) এবং পরিষদীয় বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় রাষ্ট্রমন্ত্রী জনাব সিদ্দীকুল্লাহ চৌধুরী অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন।

আপনার উপস্থিতিতে উক্ত অনুষ্ঠানটি গৌরবান্বিত হোক এই কামনা করি।

নিবেদন ইতি

২৮ আগস্ট, ২০১৭  
বিকাশ ভবন, বিধাননগর  
কলকাতা ৭০০ ০৯১

অর্পিতা বসু, আই.এ.এস.  
অধিকর্তা  
জনশিক্ষা প্রসার অধিকার

কানওয়ালজিৎ সিং চিমা, আই.এ.এস.  
সচিব  
জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ



স্বাধীন ভারত

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ  
পশ্চিমবঙ্গ সরকার